



গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিশেষ সমার্বর্তন অনুষ্ঠানে ইউনেস্কোর মহাপরিচালক বিশিষ্ট বিজ্ঞানী প্রফেসর ডঃ ফেডারিকো মেয়রকে সম্মানসূচক ডিএসসি ডিগ্রী প্রদান করা হয় -ইত্তেফাক

ডক্টরেট ডিগ্রী গ্রহণকালে ইউনেস্কো মহাপরিচালক

উন্নতি ও সুন্দর পরিবেশের জন্য বুদ্ধিবৃত্তিকে উৎসর্গ করিতে চাই

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ গতকাল (মঙ্গলবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিশেষ সমার্বর্তনের মাধ্যমে ইউনেস্কোর মহাপরিচালক প্রফেসর

ডঃ ফেডারিকো মেয়রকে বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে তাঁহার কৃতিত্বের জন্য সম্মানসূচক ডক্টর অব সায়েন্স (১৫শ পৃ: ৩-এর ক: ড্রঃ)

ইউনেস্কো মহাপরিচালক (১ম পৃ: পর)

(ডিএসসি) ডিগ্রী প্রদান করা হইয়াছে। টিএসসি মিলনায়তনে আয়োজিত এই সমার্বর্তনে মন্ত্রী পরিষদের সদস্য, সাংসদ, শিক্ষাবিদ, রাজনীতিক, সাংবাদিক, সরকারী কর্মকর্তা এবং ঢাকাস্থ বিভিন্ন দূতাবাসের কূটনৈতিকদের উপস্থিতিতে ভিসি প্রফেসর এ কে আজাদ চৌধুরী বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর ও প্রেসিডেন্ট সাহাবুদ্দিন আহমদের পক্ষ হইতে ডঃ মেয়রকে ডিএসসি ডিগ্রী প্রদান করেন। মুহূর্ত্ত করতালির মধ্যে একই সঙ্গে ডঃ মেয়রকে এই অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ভিসি, সিনেট ও সিডি-কেটের পক্ষ হইতেও একটি ক্রেট প্রদান করা হয়। পরে ডঃ ফেডারিকো মেয়র সমার্বর্তনে ভাষণদান কালে সম্মানসূচক এই ডক্টরেট ডিগ্রী গ্রহণে তাঁহার অনুভূতিকে অভূত-পূর্ব এবং অসামান্য বলিয়া উল্লেখ করেন। তিনি বলেন, ইউনেস্কোর কর্মকর্তা হিসাবে নহে, একজন অধ্যাপক হিসাবে এই সম্মান গ্রহণ করিয়াছি। ডঃ মেয়র বলেন, আমরা অসংখ্য যুতা দিয়া অনেকগুলি যুদ্ধের মূল্য দিয়াছি। এখন শান্তি, উন্নতি ও সুন্দর পরিবেশের জন্য ঐশ্বর্য, সহমতিতা ও বুদ্ধিবৃত্তিক সংহতিক উৎসর্গ করিতে চাই।

সমার্বর্তনে বিশ্ববিদ্যালয়ের পক্ষ হইতে ভিসি প্রফেসর আজাদ চৌধুরী তাঁহার ভাষণে বলেন, ডঃ ফেডারিকো মেয়র বিশ্ব পরিবর্তনের লক্ষ্যে তাঁহার যে অভিযাত্রার সূচনা করিয়াছেন ঢাকা বিশ্ববিদ্যালয় নিঃসন্দেহে সেই পথচলার সঙ্গী এবং তাহার চেতনার সহযাত্রী। ভিসি প্রফেসর আজাদ চৌধুরী ডঃ মেয়রকে বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে অবদানের কথা উল্লেখ করিয়া বলেন, সমগ্র বিশ্বের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতির উন্নয়নে নিষ্ঠাবান ডঃ মেয়রের মত স্বাণিক কর্মদক্ষ ও অনলস কর্মীকে সম্মান জানানোর মাধ্যমে আমরা নিজেদেরকে এবং এ বিশ্বের পরিবর্তন সাধনে আত্মনিয়োগকারী সকল মহৎপ্রাণ ব্যক্তিকে সম্মানিত করিতেছি।

গতকাল বিকাল সোয়া ৫টায় জাতীয় সঙ্গীতের সুর-মুর্চ্ছনায় সমার্বর্তনের অনুষ্ঠান-উদ্বোধন ঘোষণা করেন ভিসি প্রফেসর আজাদ চৌধুরী। উহার পূর্বে ভিসির নেতৃত্বে শোভাযাত্রাসহ ডঃ মেয়র ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা অনুষ্ঠানস্থলে আগমন করেন। সমার্বর্তন উপস্থাপনা করেন বিশ্ববিদ্যালয়ের রোষ্টার আবু জায়েদ সিকদার। পরিচালনা করেন প্রো ভিসি ডঃ শহীদ উদ্দিন আহমদ ডঃ মেয়রের পরিচিতি পাঠ করেন ফার্মেদী অনব্বদের ডীন প্রফেসর মুনির উদ্দিন আহমদ।

সমার্বর্তনে উল্লেখযোগ্য অতিথিদের মধ্যে ছিলেন জাওয়ামী লীগ নেতা আমির হোসেন আমু, ইত্তেফাক ও নিউনেশনের সম্পাদক মওলানা সতাপতি ব্যারিষ্টার মইন হোসেন, পররাষ্ট্র প্রতিমন্ত্রী আহসান চৌধুরী, যুব ও সঙ্গ প্রতিমন্ত্রী ওবায়দুল কাব্বার স্বাস্থ্য প্রতিমন্ত্রী ডাঃ উল্লাহ, বিএইচ, ইকবাল ব্যেটের ভিসি ডঃ ইকবাল বিশ্ববিদ্যালয় মঞ্জুরী বোর্ড চেয়ারম্যান প্রফেসর ইয়াসিন আহমেদ, সাবেক ভিসি রুজ্জামান মিয়া, সাবেক মঈন খান প্রমুখ। উক্ত বিশ্বেদ্যালয় গত ৭ মেয়রসহ ৩২ জনকে সূচক ডক্টরেট ডিগ্রী

প্রেসিডেন্ট
বাসস ॥ ইউনেস্কো মহাপরিচালক যে গতকাল মঙ্গলবার প্রেসিডেন্ট বিচারক **আহমদের সহি** তাহাকে স্বাগত ডেন্ট গত এ বিজ্ঞান, প্রযুক্তি ও গণিত উন্নয়ন কার্যক্রম সম্পাদনা করেন।

62 63 64 65 66 67 68 69 70 71 72 73 74 75 76 77 78 79 80